



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্র্যাটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh. Phone: 0371-61328

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

প্রেস বিজ্ঞপ্তি

Date: ৯ সেপ্টেম্বর ২০০৬

আগামী সংসদ নির্বাচনে অংশগ্রহণ সম্পর্কে ইউপিডিএফ-এর গণ ব্রিফিং

ইউনাইটেড পিপলস ডেমোক্র্যাটিক ফ্রন্ট আগামী নবম সংসদ নির্বাচনে সরাসরি অংশ নেবে। গতকাল শুক্রবার পার্বত্য চট্টগ্রামের ১৫টি স্পটে এবং ঢাকা ও চট্টগ্রামে এক যোগে আয়োজিত গণ ব্রিফিং-এ ইউপিডিএফ নেতৃবৃন্দ পার্টির উক্ত সিদ্ধান্ত জানিয়ে দেন। পার্বত্য চট্টগ্রামের জনগণকে ইউপিডিএফ-এর ব্যানারে নির্বাচনী প্রস্তুতি নেয়ার আহ্বান জানানো হয়েছে।

ব্রিফিং-এ বলা হয়, আওয়ামী লীগ ও বিএনপির মতো জাতীয় রাজনৈতিক দলগুলোকে ভোট দিয়ে পার্বত্য চট্টগ্রামের জনগণের কোন লাভ হয়নি। কারণ এ দলগুলো কখনোই পার্বত্যবাসী এবং বিশেষত জুম্ম জনগণের স্বার্থ দেখে না। এ দলগুলোকে ভোট দেয়ার পরও পার্বত্য চট্টগ্রামের জনগণ নির্যাতিত হচ্ছেন, জায়গা জমি হারাচ্ছেন ও নিজ ভূমিতে পরবাসীর জীবন যাপন করতে বাধ্য হচ্ছেন। বিএনপি সরকারের আমলে যেমন এ সব ঘটে চলেছে, বিগত আওয়ামী লীগ সরকারের আমলেও নির্যাতিতের ঘটনা অহরহ ঘটেছে।

ব্রিফিং-এ ইউপিডিএফ নেতৃবৃন্দ বলেন পার্বত্য চট্টগ্রামের জনগণের সুখ দুঃখ, আশা আকাঙ্ক্ষা ও দাবি দাওয়া সংসদে তুলে ধরার জন্য জনগণের অধিকার আদায়ের আন্দোলনে পোড় খাওয়া ও সকল জাতিসত্তা ও সম্প্রদায়ের প্রতি ন্যায়পরায়ণ ব্যক্তিকে নির্বাচিত করা উচিত। তারা বলেন পার্বত্য চট্টগ্রামের আঞ্চলিক রাজনৈতিক দলগুলোই কেবল সত্যিকার অর্থে ঐ এলাকার জনগণের পক্ষে কথা বলতে ও তাদের দাবি দাওয়ার জন্য লড়াই করতে অধিকতর যোগ্যতা রাখে।

ইউপিডিএফ নেতৃবৃন্দ পার্বত্য চট্টগ্রামে হালনাগাদকৃত ভোটার তালিকায় অস্বাভাবিকভাবে ভোটার সংখ্যা বৃদ্ধিতে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচনের প্রাথমিক শর্ত হলো একটি সঠিক ও নির্ভেজাল ভোটার তালিকা। কিন্তু সরকারী দলের লোকজন নির্বাচন কমিশনের কার্যক্রমে প্রভাব বিস্তার করে নিজেদের পছন্দসই ভোটার তালিকা বানিয়েছে, যা কখনোই গ্রহণযোগ্য হতে পারে না।

নেতৃবৃন্দ অবিলম্বে হালনাগাদকৃত ভোটার তালিকাটি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা নিরীক্ষা পূর্বক ভূয়া ভোটারদের তালিকা থেকে বাদ দিয়ে ইতিপূর্বে বাদ পড়াদের অন্তর্ভুক্তির দাবি জানান।

যে সব এলাকায় ব্রিফিং আয়োজন করা হয় সেগুলো হলো মধ্য পার্বত্য চট্টগ্রাম রাঙ্গামাটির কুদুকছড়ি, নান্যাচর, সাজেক ও কাউখালি; উত্তর পার্বত্য চট্টগ্রামের খাগড়াছড়ি সদর, কমলছড়ি, লক্ষ্মিছড়ি, পানছড়ি, গুইমারা, দিঘীনালা ইত্যাদি। তবে সেনাবাহিনীর হুমকি মূলক অবস্থানের কারণে মালছড়িতে ব্রিফিং অনুষ্ঠান করা যায়নি।

বার্তা প্রেরক

রিপন চাকমা

প্রেস সেকশন

ইউনাইটেড পিপলস ডেমোক্র্যাটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

চট্টগ্রাম ইউনিট